গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের কার্যালয়**

কক্সবাজার

www.rrrc.gov.bd

স্মারক ন. -৫১.০৪.২২০০.০১১.৩৩.০২১.২৩-৩২৮ তারিখ ঃ ১৬ জানুয়ারি ২০২৫ খ্রি.

বিষয় : ভাসানচরে স্থানান্তরিত বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের জন্য “Early Childhood Development for the FDMNs Families Living in Bhasanchar (ECDL)” শীর্ষক কার্যক্রম পরিচালনার অনুমতি প্রদান।

সূত্র : ১) এনজিও “ইসলামিক রিলিফ” এর ০৫/০১/২০২৫ তারিখের আবেদন
২) এনজিও বিষয়ক ব্যুরোর এফডি- ৭ ন.-৪৪৫, তারিখ: ২৩/১২/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে এনজিও “ইসলামিক রিলিফ (Islamic Relief)” কর্তৃক নোয়াখালী জেলাধীন হাতিয়া উপজেলার ভাসানচরে স্থানান্তরিত বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের জন্য “Early Childhood Development for the FDMNs Families Living in Bhasanchar (ECDL)” সংযুক্ত FD-7 এ বর্ণিত কার্যক্রম ক্যাম্প ইন-চার্জ, ভাসানচর এর সাথে যথাযথভাবে সমন্বয়পূর্বক ৩১/০৩/২০২৫ পর্যন্ত সময়ের মধ্যে বাস্তবায়নের নিমিত্ত নির্দেশক্রমে সম্মতি জ্ঞাপন করা হলো।

সংযুক্তি: ৫ (পাঁচ) পাতা

১৬/০১/২৫

ফাহমি মোঃ সায়েফ
সিনিয়র সহকারি সচিব
ফোন: ০১৭৪৩-১০৭৫৩০
email: contact@rrrc.gov.bd

জনাব হোসেন শহীদ
প্রোগ্রাম ম্যানেজার
হিউম্যানেটিরিয়ান ক্রাইসিস রেসপন্স প্রোগ্রাম
ইসলামিক রিলিফ, কক্সবাজার

অনুলিপি :

১. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা
২. কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
৩. অধিনায়ক, সম্মুখ ঘাঁটি, ভাসানচর, হাতিয়া, নোয়াখালী
৪. জেলা প্রশাসক, নোয়াখালী
৫. ক্যাম্প-ইন-চার্জ, ভাসানচর, নোয়াখালী
৬. পিএস টু আরআরআরসি
৭. সহকারি প্রোগ্রামার, এ কার্যালয় (ওয়েবসাইটে আপলোডের জন্য)
৮. অফিস কপি

RRRC's Office, Cox's Bazar

| | |
|---|---|
| ARRRC-1 | |
| ARRRC-2 | |
| PS to RRRC | |
| SAS (Service & Establishment) | |
| SAS (Finance) | |
| SAS (NGO) | |
| SAS (UN/INGO) | |
| SAS (Relocation, Repatriation, Bhasanchar & Construction) | |
| SAS (Law & Order) | |
| HC | |

ISLAMIC RELIEF

স্মারক নং: ইরিবা/কক্স/আরআরআরসি/২০২৪/অফিস-০০০-০০৪৫
তারিখ: ০৫/০১/২০২৫
বরাবর,
কমিশনার
শরনার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশন কার্যালয়
কক্সবাজার।

**বিষয় ঃ "Early Childhood Development for the FDMNs Families Living in Bhashanchar (ECDL)"শীর্ষক প্রকল্পের অনুমোদিত এফডি-৭ এবং অনুমোদন পত্র (স্মারক নং ০৩.০৭.২৬৬৬.৬৬৩.৬৮.০৩৭.২০২২-৪৪৫) দাখিল ও বাস্তবায়নের জন্য অনুমতি প্রদান প্রসঙ্গে।**

জনাব,
ইসলামিক রিলিফ এর শুভেচ্ছা নিবেন!

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে **"Early Childhood Development for the FDMNs Families Living in Bhashanchar (ECDL)"** প্রকল্পের অনুমোদিত এফডি-৭ এবং অনুমোদন পত্র দাখিল করছি। উল্লেখ্য ইসলামিক রিলিফ একটি আন্তর্জাতিক বেসরকারী উন্নয়ন সংগঠন যা একটি আন্তর্জাতিক স্বেচ্ছাসেবী সংস্থা হিসেবে ১৯৮৪ সালে যুক্তরাজ্যে প্রতিষ্ঠিত হয়। ১৯৯১ সালে এপ্রিল মাসে চট্টগ্রাম সমুদ্র উপকূলে প্রলয়ংকারী ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্থ মানুষদের সহায়তা প্রদানের মাধ্যমে ইসলামিক রিলিফ, বাংলাদেশ কার্যক্রম শুরু করে এবং একই বছরে বাংলাদেশ এনজিও অ্যাফেয়ার্স ব্যুরোতেও নিবন্ধিত হয় (নিবন্ধন নং ৫৫৩/১৯৯১)।

উল্লেখিত প্রকল্পটি নোয়াখালী জেলার হাতিয়া উপজেলায় ভাসানচরে বসবাসরত বলপ্রয়োগে বাস্তুচ্যুত মায়ানমার নাগরিকদের জন্য এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক অনুমোদিত ও সত্যায়িত এফডি-৭ এর আলোকে ক্যাম্প ইনচার্জ কার্যালয়ের পরামর্শ মোতাবেক চাহিদা পত্র অনুযায়ী বাস্তবায়নের জন্য আপনার সদয় অবগতি ও বাস্তাবায়নে সার্বিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদান্তে -

05/01/2025

হোসেন শহীদ
প্রোগ্রাম ম্যানেজার
হিউম্যানেটিরিয়ান ক্রাইসিস রেসপন্স প্রোগ্রাম
ইসলামিক রিলিফ, কক্সবাজার।
মোবাইল: ০১৭৭৭৭৭৩৮৫২

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- জেলা প্রশাসক, নোয়াখালী।
- ক্যাম্প ইনচার্জ, (সংশ্লিষ্ট ক্যাম্প)।
- অফিস কপি, ইসলামিক রিলিফ।

সংযুক্তি: এনজিও বিষয়ক বুর‍্যো কর্তৃক অনুমোদন পত্র ও সত্যায়িত এফডি-৭ কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধান উপদেষ্টার কার্যালয়
প্লট-ই-১৩/বি, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা
www.ngoab.gov.bd

স্মারক নং-০৩.০৭.২৬৬৬.৬৬৩.৬৮.০৩৭.২০২২- ৪৪৫ তারিখঃ ২৩/১২/২০২৪ খ্রিঃ

বিষয় : "ইসলামিক রিলিফ" সংস্থার "Early Childhood Development for the FDMNs Families Living in Bhashanchar (ECDL)" শীর্ষক জরুরী ত্রাণ প্রকল্প (FD-7) অনুমোদনসহ অর্থ গ্রহণ ও ব্যয়ের অনুমতি প্রদান।

সূত্র : সংস্থার ০৩/১২/২০২৪ তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয়ে তাঁর সংস্থার আবেদনের প্রেক্ষিতে ০১/১১/২০২৪ থেকে ৩১/০৩/২০২৫ পর্যন্ত সময়ে নোয়াখালী জেলার হাতিয়া উপজেলায় (ভাসানচর) বর্ণিত জরুরী ত্রাণ প্রকল্পটি (FD-7) ৭৬,৪২,৭৯৪/-(ছিয়াত্তর লক্ষ বিয়াল্লিশ হাজার সাতশত চুরানব্বই) টাকা ব্যয়ে অনুমোদনসহ দাতা সংস্থা "Islamic Relief Worldwide, UK" প্রতিশ্রুত উক্ত ৭৬,৪২,৭৯৪/-(ছিয়াত্তর লক্ষ বিয়াল্লিশ হাজার সাতশত চুরানব্বই) টাকা কমার্শিয়াল ব্যাংক অব সিলন পিএলসি, ৭৫ শহীদ তাজউদ্দিন আহাম্মদ সরণী, তেজগাঁও আই/এ, ঢাকা এর হিসাব নং-১৮১৭০০০৮৩২-এর মাধ্যমে গ্রহণ ও ব্যয়ের অনুমতি নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলো।

**শর্তাবলীঃ**

১ অনুমোদিত এফডি-৭ অনুযায়ী সকল সামগ্রী নিয়ে জেলা প্রশাসক, নোয়াখালীর ভাসানচরস্থ জেলা প্রশাসকের প্রতিনিধির নিকট রিপোর্ট করতে হবে।

২ প্রতি পাতায় এনজিও বিষয়ক ব্যুরো'র কর্মকর্তা কর্তৃক অনুস্বাক্ষরিত এফডি-৭ এ কপি আবশ্যিকভাবে শরণার্থী, ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার/তাঁর ভাসানচরস্থ প্রতিনিধি এবং জেলা প্রশাসক, নোয়াখালী/ভাসানচরস্থ জেলা প্রশাসকের প্রতিনিধির নিকট দাখিল করতে হবে।

৩ প্রকল্পভুক্ত কর্মীদের তালিকা শরণার্থী, ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার এবং জেলা প্রশাসক, নোয়াখালী এর ভাসানচরস্থ অফিস প্রধানের নিকট দাখিল করতে হবে। তালিকায় উল্লিখিত কর্মী ব্যতীত অতিরিক্ত কোন কর্মীকে প্রকল্প কার্যক্রমে সম্পৃক্ত করা যাবে না।

৪ ত্রাণ কার্যক্রমে সংযুক্ত সকল কর্মকর্তা/কর্মচারী/স্বেচ্ছাসেবকদের শরণার্থী, ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার কর্তৃক সরবরাহকৃত পরিচয়পত্র ব্যবহার করতে হবে।

৫ শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার এবং জেলা প্রশাসক, নোয়াখালীর ভাসাচরস্থ প্রতিনিধির নিকট দাখিলকৃত এফডি-৭ এর প্রাপ্তি স্বীকারপত্র ১৫ দিনের মধ্যে ব্যুরোতে দাখিল করতে হবে।

৬ কর্মসূচি বাস্তবায়নের ৬০ (ষাট) দিনের মধ্যে সমাপনী প্রতিবেদন ও অডিট রিপোর্ট ব্যুরোতে দাখিল করতে হবে।

৭ ভাসানচরস্থ রোহিংগা ক্যাম্পের ক্যাম্প ইনচার্জ/RRRC এর দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধি প্রকল্প কার্যক্রম শেষে এনজিও'র অনুকূলে অনলাইনে জেলা প্রশাসক, নোয়াখালীর নিকট প্রকল্প সমাপ্তি প্রতিবেদন প্রেরণ করবেন।

৮ জেলা প্রশাসক, নোয়াখালী, ভাসানচরস্থ শরণার্থী, ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধি/ক্যাম্প ইনচার্জের এর নিকট হতে প্রাপ্ত প্রত্যয়নপত্রের আলোকে অনলাইনে মাহপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো এবং প্রত্যয়নপত্রের অনুলিপি অনলাইনে এনজিও প্রধানের অনুকূলে প্রেরণ করবেন।

৯ চিকিৎসা এবং জরুরী সেবা প্রদানকারী সংস্থাসমূহ ব্যতীত কোনো এনজিও সন্ধ্যার পর আশ্রয় শিবিরে কার্যক্রম পরিচালনা করতে পারবে না। সে ক্ষেত্রেও ক্যাম্প ইনচার্জ এর অনুমতিক্রমে তা বাস্তবায়ন করতে হবে।

১০ এনজিওসমূহের কার্যক্রম ব্যুরো কর্তৃক অনুমোদিত প্রকল্পের মধ্যে সীমাবদ্ধ থাকবে।

১১ সংস্থা/প্রকল্পের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীগণ প্রকল্প বাস্তবায়নকালে রাষ্ট্র/সরকার/প্রত্যাবাসন বিরোধী কোন কর্মকান্ডে জড়িত হলে সংস্থার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২ জাতীয় রাজস্ব বোর্ডের সার্কুলার অনুযায়ী যথারীতি আয়কর/ভ্যাট প্রদান করতে হবে।

১৩. FDMN-দের মধ্যে কোন প্রকার নগদ অর্থ বিতরণ করা যাবে না।

১৪. প্রকল্পের যাবতীয় তথ্যাদি "তথ্য অধিকার আইন ২০০৯" অনুসরণপূর্বক সংস্থার ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

১৫. পূর্বে সম্পাদিত প্রকল্পের অডিট রিপোর্ট গ্রহণের প্রমাণক, সমাপনী প্রতিবেদন এবং স্থানীয় কর্তৃপক্ষের প্রত্যয়ন আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে দাখিল করতে হবে। ব্যর্থতায় সংস্থা কর্তৃক ভবিষ্য প্রস্তাবিত অনুরূপ প্রকল্প অনুমোদনের জন্য বিবেচনা করা হবে না।

মোহাম্মদ নাহিদুল করিম
এসাইনমেন্ট অফিসার
(সিনিয়র সহকারী সচিব)
ফোন : ৫৫০০৭৩৯৪
E-mail: ao2@ngoab.gov.bd

২৩/১২/২০২৪

কান্ট্রি ডিরেক্টর
ইসলামিক রিলিফ
বাড়ি-১০, রোড-১০, ব্লক-কে, বারিধারা, ঢাকা।

৭৯

স্মারক নং-০৩.০৭.২৬৬৬.৬৬৩.৬৮.০৩৭.২০২২- তারিখঃ ২৩/১২/২০২৪ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
০২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৪। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৭। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
০৮। শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার।
০৯। প্রকল্প পরিচালক, আশ্রয়ণ প্রকল্প-৩, ভাসানচর, হাতিয়া, নোয়াখালী।
১০। জেলা প্রশাসক, নোয়াখালী।
১১। ক্যাম্প ইন চার্জ, ভাসানচর এফডিএমএন ক্যাম্প, হাতিয়া, নোয়াখালী /উপজেলা নির্বাহী অফিসার, হাতিয়া, নোয়াখালী।
১২। মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
১৩। প্রোগ্রামার, এনজিও বিষয়ক ব্যুরো (সংশ্লিষ্ট সকলের নিকট ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।
১৪। ম্যানেজার, কমার্শিয়াল ব্যাংক অব সিলন পিএলসি, ৭৫ শহীদ তাজউদ্দিন আহাম্মদ সরণী, তেজগাঁও আই/এ, ঢাকা [তাঁকে ৭৬,৪২,৭৯৪/- (ছিয়াত্তর লক্ষ বিয়াল্লিশ হাজার সাতশত চুরানব্বই) টাকা সংস্থার অনুকূলে ছাড় করার জন্য অনুরোধ করা হলো]।
১৫। অফিস কপি।

মোহাম্মদ মাহিদুল করিম
এসাইনমেন্ট অফিসার
(সিনিয়র সহকারী সচিব)

# ফরম এফডি-৭

দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী জরুরি ত্রাণ সহায়তা কার্যক্রম/প্রকল্প প্রস্তাব ফরম

[আবশ্যিকভাবে বাংলা নিকস ফন্টে পূরণ করে দাখিল করতে হবে]

১. এনজিওর নাম ঠিকানা নিবন্ধন নম্বর ও তারিখ: ইসলামিক রিলিফ। বাড়ি-১০, রোড়-১০, বারিধারা, ঢাকা। ৫৫৩/১০ নভেম্বর ১৯৯১

২. প্রস্তাবিত প্রকল্পের নাম : Early Childhood Development for the FDMNs Families Living in Bhashanchar (ECDL)

৩. বিতরণের জন্য প্রস্তাবিত ত্রাণ সামগ্রীর বিবরণ (আনুমানিক মূল্যসহ) ঃ বিস্তারিত বাজেট সংযুক্ত করা হলো

| ক্রমিক | দ্রব্যাদী/বর্ণনা | পরিমান | মূল্য |
|---|---|---|---|
| ১. | লার্ণিং সেন্টারের রোহিঙ্গা শিক্ষকদের ভাতা/সম্মানী | ২৩ জন, ৫ মাস, মাসিক ১১,৮৭০/ | ১,৩৬৫,২৪৭ |
| ২. | শিক্ষা উপকরণ (খাতা, পেন্সিল, রং পেন্সিল, স্কুলের পোশাস, স্কুল ব্যাগ, টিফিন বক্স, পানির বোতল) | ৫ মাস, মাসিক ২৯,০৮০/ | ১৪৫,৪০০ |
| ৩. | খেলা এবং সাংস্কৃতিক কার্যক্রম | ৫ মাস | ৫০,০০০ |
| ৪. | লার্ণিং সেন্টারের রোহিঙ্গা শিক্ষকদের প্রশিক্ষণ | ১ বার | ৪৯,০৬০ |
| ৫. | ৩-৫ বছর বয়সী শিশুদের পিতা মাতাদের জন্য ওয়ার্কসপ | ১ বার | ৫২,২৮৪ |
| ৬. | রোহিঙ্গা ভলান্টিয়াদের ভাতা | ৭ জন, ৫ মাস, প্রতিমাসে ৯,৯০০/ | ৩৪৬,৭০০ |
| ৭. | সেন্টারের পরিচ্ছন্নতাকর্মীদের ভাতা | ৬ জন, ৫ মাস, প্রতিমাসে ৮,৮০০/ | ২৬৪,০০০ |
| ৮. | শিশুবান্ধব লার্ণিং সেন্টারের নির্মাণ ও মেরামত | ৫ মাস, মাসিক ২৩,৮৭৪/ | ১১৯,৩৭১ |
| ৯. | শিক্ষা উপকরণ | ১ বার | ২৭০,০০০ |
| ১০. | শিশু সুরক্ষার জন্য আই ই সি ম্যাটেরিয়ালস | ১ বার | ৪৮,০০০ |
| ১১. | খেলা এবং সাংস্কৃতিক কার্যক্রম | ২ বার, প্রতিবার ৭২,০০০/ | ১৪৪,০০০ |
| ১২. | লার্ণিং সেন্টারের ইকুপমেন্ট কস্ট | ১ বার | ১২৮,৪৯৬ |
| ১৩. | মাল্টিপারপাস সেন্টার নির্মাণ ও রক্ষনাবেক্ষন | ৫ মাস | ৮৭,০০৫ |
| ১৪. | মাল্টিপারপাস সেন্টারের জন্য বিনোদনমূলক ম্যাটেরিয়ালস | ৩ সেট, প্রতিসেট ৫৪,৫০৬/ | ১৬৩,৫২০ |
| ১৫. | হাইজিন কিটস প্রদান | ১ বার | ৪২,০০০ |
| ১৬. | মাল্টিপারপাস সেন্টারের সহকারীদের ভাতা | ৭ জন, ৫ মাস, ৯,৪২৮/ | ৩৩০,০০০ |
| ১৭. | ভিজিবিলিটি (ব্যানার, পেষ্টুন, ফটোগ্রাপি, ভিডিও) | ৫ মাস | ৬৪,৫৫৬ |
| ১৮. | প্রকল্প বাস্তবায়ন ও মনিটরিং এর জন্য যাতায়াত ভাড়া- | ৫ মাস | ১৪২,১৭৭ |
| ১৯. | স্টাফদের প্রশিক্ষণ-চাইল্ড প্রটেকশান, সেইফগার্ডিং, এসজিবিভি | ১ বার | ১১১,৩৯৭ |
| ২০. | স্টেশানারি, মোবাইল, কুরিয়ার, ব্যাংক চার্জ, রিপেয়ার, ইউটিলিটি, ফুড় ক্যাটারিং ও অন্যান্য | ৫ মাস | ২০৫,৯৫৫ |
| ২১. | এক্সটার অডিট ফি | ১ বার | ৮০,০০০ |
| ২২. | বেতন-মনিটরিং ইভালুশন এন্ড লার্ণি কোর্ডিনেটর | ৫ মাস, মাসিক ২৪৩,৮১১/ | ১,২১৯,০৫৯ |
| ২৩. | বেতন-ম্যানেজার এক্সটারনাল রিলে: ও কমিউনিকেশন (আংশিক) | ৫ মাস, মাসিক ১০৬,৯১৪/ | ৫৩৪,৫৭২ |
| ২৪. | বেতন- এসিসটেন্ট প্রজেক্ট অফিসার | ৫ মাস, মাসিক ৫৫,৬৪২/ | ২৭৮,২১২ |
| ২৫. | বেতন- কমিউনিটি মবিলাইজার | ৫ মাস, ২ জন, মাসিক ৭৯,৮০০/ | ৭৯৮,০১৬ |
| ২৬. | বেতন সিনিয়র ফাইনান্স অফিসার (আংশিক) | ৫ মাস, মাসিক ৪৫,২৫৫/ | ২২৬,২৭৮ |
| ২৭. | বেতন-মনিটরিং ও রিপোটিং অফিসার (আংশিক) | ৫ মাস, মাসিক ৭৩,৩৬১/ | ৩৬৬,৮০৭ |
| ২৮. | বেতন-প্রোগ্রাম কোর্ডিনেটর (আংশিক) | ১ মাস, মাসিক | ১০,৬৮২ |
| | মোট (১-২৮) | | ৭৬,৪২,৭৯৪ |

৩. অর্থ বা ত্রাণ-সামগ্রীর উৎস ঃ দাতা সংস্থার অর্থায়ন

ক. বৈদেশিক অনুদানের ে ত্রে নিম্নলিখিত তথ্যাদি সংযুক্ত করুন

অ. দাতা সংস্থার বার্তা/ প্রতিশ্রুতি পত্র- সংযুক্ত করা হল

আ. দাতাসংস্থার বিবরণ

- প্রধান নির্বাহী কর্মকর্তা/দাতারনাম: ওয়াসেম আহম্মদ, প্রধান নির্বাহী কর্মকর্তা
- দাতা সংস্থার নামঃ ইসলামিক রিলিফ ওয়ার্ল্ডওয়াইড
- যোগাযোগের ঠিকানাঃ ১৯ রিয়া স্ট্রীট, সাউথ বার্মিংহাম, বি-৫ ৬এলবি, ইউনাইটেড কিংডম,
- টেলিফোনও ফ্যাক্সঃ টেলিফোন: +৪৪-১২১-৬০৫৫৫৫৫; ফ্যাক্স: +৪৪-১২১-৬২২৫০০৩
- ইমেইল এবং ওয়েবসাইটঃ irw@irworldwide.org, www.islamic-relief.org

মোঃ আমজাদুল ইসলাম
উচ্চমান সহকারী

মোহাম্মদ শাহিদুল করিম
এসাইনমেন্ট অফিসার

খ. যদি চলমান প্রকল্পের অর্থের দ্বারা হয় তাহলে নিম্নলিখিত তথ্যাদি সরবরাহ করুন। প্রযোজ্য নয়

- চলমান প্রকল্পের নাম এবং মোট ব্যয়ঃ প্রযোজ্য নয়
- সরকারী অনুমোদনের তারিখ (অনুমোদন পত্র সংযুক্ত করুন)
- কেটে আনা অর্থের অংশবিশেষ দ্বারা এ কর্মসূচি গ্রহণ করলে চলমান প্রকল্পের উপর কি প্রভাব ফেলবে
- কেটে আনা অর্থের বিষয়ে চলমান প্রকল্পের দাতার সাথে কি আলোচনা হয়েছে? যদি হয় তাহলে দাতার বক্তব্য/সম্মতি দাখিল করুন

৪. প্রকল্প এলাকা ঃ

| ক্রমিক নং | জেলা/সিটি কর্পোরেশন | উপজেলা/থানা /পৌরসভা | ইউনিয়ন/ওয়ার্ড | বরাদ্দকৃত বাজেট | উপকারভোগীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১ | নোয়াখালী | ভাসানচর | ভাসানচর | ৭৬,৪২,৭৯৪ টাকা | ৯৫০ জন |

টীকা ঃ স্থানীয় কর্তৃপ / জেলা প্রশাসক সুষ্ঠু সমন্বয় ও সুষম বন্টনের স্বার্থে প্রকল্প এলাকা পরিবর্তন করার মতা রাখে।

৫. ত্রাণ কার্যক্রম কিভাবে বাস্তবায়িত হবে তার বিবরণ দিন। (এটি যতদূর সম্ভব সুস্পষ্ট করুন যাতে কর্তৃপ যখন প্রয়োজন করে তখন তদারকি/পরিবী ণ করতে পারে)। সংলগ্নী 'ক' তে র ত ছকের মাধ্যমে এনজিও গুলো আবশ্যিক ভাবে সচিব, ত্রাণ ও খাদ্য বিভাগ, বাংলাদেশ সচিবালয়, মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরো এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ কে সাপ্তাহিক অগ্রগতি জ্ঞাপন করবে।

প্রকল্পটি, নোয়াখালী জেলার হাতিয়া উপজেলার ভাসানচরে অবস্থিত বল প্রয়োগে বাস্তুচ্যুত মায়ানমার নাগরিকদের পরিবারের শিশুদের রোহিঙ্গা ভাষায় স্কুল/লার্নিং সেন্টার পরিচালনায় সহায়তায় জন্য "Early Childhood Development and for the FDMNs Families Living in Bhashanchar (ECDL)" প্রকল্পটি হাতে নেওয়া হয়েছে। এ ক্ষেত্রে প্রতিযোগিতামূলক টেন্ডারের মাধ্যমে সরবরাহকারী নিয়োগ করা হবে। অতঃপর স্থানীয় প্রশাসন যথা উপজেলা নির্বাহী অফিসার, জেলা প্রশাসকের কার্যালয়ের সাথে সমন্বয় করে এবং RRRC & CIC এর গাইড লাইনের মাধ্যমে এবং সেক্টরের সাথে সমন্বয় করে কার্যক্রমের দ্বৈততা পরিহার করে উপকারভোগী নির্বাচন করা হবে।

৬. কার্যক্রমের মেয়াদকাল ঃ
ক. আরম্ভ করার তারিখ: ০১/১১/২০২৪
খ. সমাপ্ত করার তারিখ: ৩১/০৩/২০২৫

৭. প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত অন্যান্য প্রাসঙ্গিক তথ্য দিন (ভবিষ্যতে পরিকল্পনা সহ যদি থাকে) ঃ

ঘোষণা

আমি এই মর্মে ঘোষণা করছি যে আমাদের দ্বারা সরবরাহকৃত উপরোক্ত বিবরণ সত্য এবং সঠিক। আমি/আমরা স্থানীয় প্রশাসনকে ত্রাণকার্যক্রম এবং কর্মএলাকা সম্পর্কে অবহিত করে এবং স্থানীয় প্রশাসনের সাথে কার্যক্রম সমন্বয় করে কার্যক্রমের দ্বৈততা পরিহার করব। সংলগ্নী 'ক' ফরম ব্যবহার করে কার্য ক্রমের সাপ্তাহিক অগ্রগতি প্রতিবেদন সরবরাহ করব। আমি/আমরা কার্যক্রম সম্পন্ন হওয়ার ২ মাসের মধ্যে অডিট প্রতিবেদন এবং কার্যক্রম সম্পন্ন প্রতিবেদন সংশ্লিষ্ট সকলকে অবহিত করব মর্মে ঘোষণা করছি।

তালহা জামাল
কান্ট্রি ডিরেক্টর
তারিখ: ০৩/১১/২০২৪

মোঃ আমজাদুল ইসলাম
উচ্চমান সহকারী

মোহাম্মদ নাহিদুল করিম
এসাইনমেন্ট অফিসার